



চবিতে জননেত্রী শেখ হাসিনা হলের আবাসিক কার্যক্রম উদ্বোধন

প্রকাশিত: ১৩ - নভেম্বর, ২০১৯ ১২:০০ এ. এম.

স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥ চট্টগ্রাম বিশ^বিদ্যালয় (চবি) জননেত্রী শেখ হাসিনা হলের আবাসিক কার্যক্রম আনুষ্ঠানিকভাবে শুরু হয়েছে। মঙ্গলবার সকালে এ কার্যক্রম উদ্বোধন করেন উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার। নবনির্মিত হলের প্রভোস্ট প্রফেসর ড. মোহাম্মদ হেলাল উদ্দীনের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য দেন চবি কলা ও মানববিদ্যা অনুষদের ডিন প্রফেসর ড. মোঃ সেকান্দর চৌধুরী।

চবি উপাচার্য ড. শিরীণ আখতার বলেন, বিশ^বিদ্যালয়ে বহুল প্রতীক্ষিত জননেত্রী শেখ হাসিনা হলের আবাসিক কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন অত্যন্ত আনন্দের ও গৌরবের। হলের আবাসিক শিক্ষকবৃন্দ, বিভিন্ন হলের প্রভোস্টবৃন্দ, রেজিস্ট্রার, প্রক্টর ও সহকারী প্রক্টরবৃন্দ প্রমুখ উপস্থিত ছিলেন।

ভিসির সঙ্গে ক্যামব্রিজ শিক্ষকের সাক্ষাত

চট্টগ্রাম বিশ^বিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতারের সঙ্গে সৌজন্য সাক্ষাত করেছেন যুক্তরাজ্যের ক্যামব্রিজ বিশ^বিদ্যালয়ের গণিত বিভাগের প্রফেসর পিয়ার্স বার্সিলহল। উপাচার্যের অফিস কক্ষে এ সৌজন্য বৈঠক অনুষ্ঠিত হয়। এ সময় চবি সমাজ বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. ফরিদ উদ্দিন আহমেদ, জামাল নজরুল ইসলাম, গণিত ও ভৌত বিজ্ঞান গবেষণা কেন্দ্রের পরিচালক ড. অঞ্জন কুমার চৌধুরী প্রমুখ উপস্থিত ছিলেন।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস্র: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com